

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

উপপরিচালকের কার্যালয়

হোল্ডিং নং-০৩১৬-০০

সোনাতলা, বাগেরহাট।

email:ddebagerhat@brdb.gov.bd


স্মারক নং-৪৭.৬২.০১০০.৮৬১.১৮.২২০.১৮. ৮৫৯

তারিখ-১৭/০৯/২০২০ খ্রি:

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার আওতায় শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বিআরডিবি বাগেরহাট জেলা দপ্তর ও জেলার আওতাধীন উপজেলাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সকল ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিতকরত: দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণের নিমিত্ত নিম্নবর্ণিত উত্তম চর্চাসমূহ প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো।

- ১। সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিত থেকে যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান করতে হবে।
- ২। অফিসের প্রবেশ মুখে দৃশ্যমান স্থানে "আমি ও আমার অফিস দূর্ণীতি মুক্ত" সাইনবোর্ড স্থাপন করতে হবে।
- ৩। পোষাক পরিচ্ছদ পড়ার সময় ড্রেস কোড অনুসরণ করতে হবে।
- ৪। ডেস্ক প্রতিরোধে অফিসের চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং ফলজ, বনজ ও ঔষধী বৃক্ষের চারা রোপন করতে হবে।
- ৫। ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে এবং ই-নথির কার্যক্রম শুরু করতে হবে।
- ৬। কর্পোরেট সিম সচল ও চালু রাখতে হবে। অফিসিয়াল ওয়েব মেইল সচল ও চালু রাখতে হবে এবং উক্ত ওয়েব মেইল হতে অফিসিয়াল তথ্য আদান প্রদান করতে হবে।
- ৭। ঋণ পরিশোধ হওয়ার পর যতদ্রুত সম্ভব ঋণ বিতরণ করতে হবে। সদস্যদের হাতে হাতে ঋণের টাকা বিতরণ করতে হবে। যে ট্রেডে ঋণ দেয়া হয়েছে সে ট্রেডে ঋণের টাকা বিনিয়োগ হয়েছে কিনা তা নিয়মিত মনিটরিং করতে হবে।
- ৮। মেয়াদোত্তীর্ণ খেলাপী হওয়ার সম্ভাবনা আছে এমন সমিতি/দলে ভ্রমণ করে সদস্যওয়ারী তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।



(মো: নাসির উদ্দিন)

উপপরিচালক

ফোন নং-০৪৬৮৬২৫৭৯

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সকল)

বিআরডিবি, বাগেরহাট।